“যে ব্যক্তি দু’টি ঠাণ্ডায় সালাত পড়বে, সে জান্নাতে প্রবেশ করবে।”

আবূ মূসা আল-আশ‘আরী রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেছেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেন: “যে ব্যক্তি দু’টি ঠাণ্ডায় সালাত পড়বে, সে জান্নাতে প্রবেশ করবে।”
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুটি ঠান্ডার সময়ের সালাত আদায়ের ব্যাপারে গুরুত্বারোপ করেছেন, সালাত দুটি হচ্ছে: ফজর এবং আসর। এবং যে ব্যক্তি তা যথাযথভাবে আদায় করবে যেমন: ওয়াক্তের মধ্যে, জামা‘আতের সাথে ইত্যাদি, তার জন্য এটি জান্নাতে যাওয়ার কারণ হবে।

https://sunnah.global/hadeeth/bn/show/4198